

# যুগান্তর

## শাবিতে সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা লকডাউন ঘোষণা

👤 সিলেট ব্যুরো

🕒 ০১ এপ্রিল ২০২১, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

করোনাভাইরাস সংক্রমণ রোধে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবি) বুধবার থেকে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত লকডাউন ঘোষণা করা হয়েছে। ওই সময়ে কোনো বহিরাগত বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে পারবে না। বিষয়টি নিশ্চিত করেন বিশ্ববিদ্যালয় উপাচার্য অধ্যাপক ফরিদ উদ্দিন আহমেদ।

উপাচার্য জানান, বিশ্ববিদ্যালয়ে স্থাপিত করোনা শনাক্তকরণ ল্যাবের জন্য এ নিয়ম প্রযোজ্য নয়। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী যাদের ক্যাম্পাসে গুরুত্বপূর্ণ কাজ রয়েছে তারা এই নিয়মের বাইরে থাকবেন। আর পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত এ সিদ্ধান্ত কার্যকর থাকবে। এর আগে গত বছরের ১ অক্টোবর লকডাউন ঘোষণা করা হয়েছিল শাবিতে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: [jugantor.mail@gmail.com](mailto:jugantor.mail@gmail.com)

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2021